গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
মাঠ প্রশাসন শাখা

## রাজশাহী বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলন সেপ্টেম্বর, ২০২২ এর কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১.১৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর কার্যপত্র অনুযায়ী সভার কাজ আরম্ভ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | **গত সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>গত ১৬ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | গত ১৬ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী বিভাগ |
| ০২। | **বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:**<br>বিগত ১৬ আগস্ট/২০২২ মাসে অনুষ্ঠিত বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:<br>মাসের নাম: আগস্ট; গৃহীত সিদ্ধান্ত সংখ্যা: ২৪; বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা: ২৩; সিদ্ধান্ত বাস্তবায়ন হার: ৯৬%<br>সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনায় দেখা যায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন হার বেশি আছে। সভাপতি ভবিষ্যতে শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করেন। | ভবিষ্যতে শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

Nested table in item ০২:

| মাসের নাম | গৃহীত সিদ্ধান্ত সংখ্যা | বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়ন হার |
|---|---|---|---|
| আগস্ট | ২৪ | ২৩ | ৯৬% |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | **বিভাগীয় আইন-শৃঙ্খলা অপরাধ চিত্র (জেলাওয়ারী):**<br>রাজশাহী বিভাগের ৮টি জেলায় জুলাই/২০২২ মাসে সর্বমোট ২৮৬২টি অপরাধ সংঘটিত হয়। আগস্ট/২০২২ মাসে সর্বমোট ৩১৯১টি অপরাধ সংঘটিত হয়। রাজশাহী বিভাগে জুলাই মাসের তুলনায় আগস্ট/২০২২ মাসে মোট সংঘটিত অপরাধ (সংখ্যা ৩২৯টি) বৃদ্ধি পেয়েছে।<br>জেলাওয়ারী অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, জুলাই মাসের তুলনায় জুলাই মাসে রাজশাহী জেলায় ৫৯টি, বগুড়া জেলায় ১৫০টি, নওগাঁ জেলায় ৪৮টি, নাটোর জেলায় ১টি, পাবনা জেলায় ৪২টি, জয়পুরহাট জেলায় ২১টি ও সিরাজগঞ্জ জেলায় ৮টি অপরাধ বৃদ্ধি পেয়েছে **(পরিশিষ্ট-খ)**। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ জানান যে, সকল জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | (ক) আইন-শৃঙ্খলা রক্ষার্থে অপরাধ নিয়ন্ত্রণে তদারকি জোরদার করতে হবে।<br>(খ) জেলা কোর কমিটির সভায় জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা ম্যাজিস্ট্রেট (সকল) রাজশাহী বিভাগ<br><br>২। পুলিশ সুপার (সকল) রাজশাহী রেঞ্জ |
| ০৪। | **মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত:**<br>সভায় রাজশাহী বিভাগের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। জুলাই/২০২২ মাসের তুলনায় আগস্ট/২০২২ মাসে আদালত পরিচালনার সংখ্যা ৭২টি ও মামলার সংখ্যা ৩১টি বৃদ্ধি পেয়েছে **(পরিশিষ্ট-গ)**। মোবাইল কোর্ট পরিচালনার পূর্বে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে আবশ্যিকভাবে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার বিষয়ে সভাপতি সকল জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশনা প্রদান করেন। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(খ) মোবাইল কোর্ট পরিচালনার পূর্বে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে আবশ্যিকভাবে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা ম্যাজিস্ট্রেট (সকল) রাজশাহী বিভাগ |
| ০৫। | **মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত আপিল মামলা সংক্রান্ত তথ্যচিত্র:**<br>সভায় অবহিত করা হয় যে, আগস্ট/২০২২ মাসে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মোবাইল কোর্ট সংক্রান্ত দায়েরকৃত আপিল মামলার সংখ্যা ১০৩টি ও নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ৮৪টি। আগস্ট/২০২২ মাসে রাজশাহী বিভাগের সকল জেলায় নির্ধারিত প্রমাপ অর্জিত হয়েছে **(পরিশিষ্ট-ঘ)**। এছাড়া মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রমাপ অর্জনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | মামলা দায়েরের তুলনায় মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | জেলা ম্যাজিস্ট্রেট (সকল) রাজশাহী বিভাগ |
| ০৬। | **অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে চলমান মামলা পর্যালোচনা:**<br>সভায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। মামলা নিষ্পত্তির প্রমাপ গত মাসের অনিষ্পন্ন মামলার ১০%। আগস্ট/২০২২ মাসে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা ৫৫২টি ও নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪৯৭টি। আগস্ট/২০২২ মাসে এ বিভাগের সকল জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এর প্রমাপ অর্জিত হয়েছে **(পরিশিষ্ট-ঙ)**। | মামলা দায়েরের তুলনায় মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | জেলা ম্যাজিস্ট্রেট (সকল) রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৭। | **এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান মামলা পর্যালোচনা:**<br>সভায় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। মামলা নিষ্পত্তির প্রমাপ গত মাসের অনিষ্পন্ন মামলার ১২%। আগস্ট/২০২২ মাসে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা ১১৬৪টি ও নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ১২২৯টি। আগস্ট/২০২২ মাসে এ বিভাগের সকল জেলায় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত এর মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জিত হয়েছে **(পরিশিষ্ট-চ)**। | মামলা দায়েরের তুলনায় মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | জেলা ম্যাজিস্ট্রেট (সকল) রাজশাহী বিভাগ |
| ০৮। | **যৌন হয়রানি/ইভ টিজিং (দণ্ডবিধি ৫০৯ ধারা) :**<br>সভায় অবহিত করা হয় যে, আগস্ট/২০২২ মাসে রাজশাহী বিভাগে যৌন হয়রানি প্রতিরোধে ১টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি মামলায় ১ জনকে কারাদণ্ড দেয়া হয়েছে **(পরিশিষ্ট-ছ)**। সভাপতি সভায় শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। | (ক) প্রতিটি জেলায় যৌন হয়রানি/ইভটিজিং প্রতিরোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br><br>(খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ০৯। | **কারাগারে আটক ও মুক্তি প্রাপ্ত শিশু-কিশোরদের পরিসংখ্যান:**<br>রাজশাহী বিভাগে বর্তমানে কোন অপরাধী শিশু কারাগারে আটক নেই। বিগত মাসে জেলখানা হতে অবমুক্ত শিশুর সংখ্যা ১৩ জন এবং সেফ হোম হতে অবমুক্ত শিশুর সংখ্যা ১৭ জন। টাস্কফোর্স গঠনের পর থেকে মোট অবমুক্ত শিশুর সংখ্যা ৪৭৪৭ জন। টাস্কফোর্স গঠনের পর থেকে প্রবেশনে প্রেরিত মোট শিশুর সংখ্যা ১২৭৪ জন **(পরিশিষ্ট-জ)**। সভায় অপরাধী শিশুদের কারাগারে না রেখে সেফ হোমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্বারোপ করা হয়। | (ক) কারাগারে আটক থাকা অপরাধী শিশুদের কারাগারে না রেখে সেফ হোমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) শিশু পরিবার, সেফ হোম, এসওএস শিশু পল্লী দর্শন/পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১০। | **ই-নথি বিষয়ক আলোচনা:**<br>সভায় ই-নথির এপিএ রিপোর্ট মেন্যু হতে রাজশাহী বিভাগের আগস্ট/২০২২ মাসের জেলা ভিত্তিক তথ্য উপস্থাপন করা হয়। রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট/২০২২ মাসে বগুড়া জেলায় ৫৬৯টি, নাটোর জেলায় ৪২১টি, নওগাঁ জেলায় ২৯৩টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২০৭টি, পাবনা জেলায় ২০৬টি, জয়পুরহাট জেলায় ১২৬টি, সিরাজগঞ্জ জেলায় ১৪টি ও রাজশাহী জেলায় ১৩টি পত্র ই-নথির মাধ্যমে জারি করা হয়েছে **(পরিশিষ্ট-ঝ)**। সভায় জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাপ্ত চিঠিপত্র অনলাইনে এন্ট্রি করে শতভাগ ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাপ্ত চিঠিপত্র অনলাইনে এন্ট্রি করে ১০০% (শতভাগ) ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১১। | **শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শন সংক্রান্ত তথ্যচিত্র :**<br>আগস্ট/২০২২ মাসে জেলা প্রশাসক কর্তৃক দর্শন হয়েছে ১৪টি ও পরিদর্শন হয়েছে ১১টি, অতি: জেলা প্রশাসক কর্তৃক দর্শন হয়েছে ২৯টি ও পরিদর্শন হয়েছে ৫২টি, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দর্শন হয়েছে ১৮৬টি ও পরিদর্শন হয়েছে ১৬১টি **(পরিশিষ্ট-ঞ)**। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শনের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। | (ক) প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>(খ) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শন বৃদ্ধি করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১২। | **মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ প্রকল্প দর্শন/পরিদর্শন সংক্রান্ত তথ্যচিত্র :**<br>রাজশাহী বিভাগে আগস্ট/২০২২ মাসে জেলা প্রশাসক কর্তৃক গৃহ নির্মাণ প্রকল্প দর্শন হয়েছে ২০টি ও পরিদর্শন হয়েছে ১১টি। উপপরিচালক, স্থানীয় সরকার কর্তৃক গৃহ নির্মাণ প্রকল্প দর্শন হয়েছে ৪২টি এবং পরিদর্শন হয়েছে ১২টি। অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক গৃহ নির্মাণ প্রকল্প দর্শন হয়েছে ৩৮টি ও পরিদর্শন হয়েছে ১৯টি **(পরিশিষ্ট-ট)**। রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় ডিডিএলজি, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক আগস্ট/২০২২ মাসে মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ প্রকল্প পরিদর্শন করা হয়নি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক ও উপপরিচালক, স্থানীয় সরকারকে মুজিববর্ষের গৃহ নির্মাণ কার্যক্রম নিয়মিত দর্শনের পাশাপাশি পরিদর্শন করতে হবে।<br>(খ) মুজিববর্ষের গৃহ নির্মাণ নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১৩। | **জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে জেলাওয়ারি অডিট আপত্তি:**<br>রাজশাহী বিভাগে আগস্ট/২০২২ মাস শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ১৪১টি **(পরিশিষ্ট-ঠ)**। রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় সিরাজগঞ্জ জেলায় অডিট আপত্তির সংখ্যা ৯২টি। এ বিষয়ে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ জানান যে, এ সংক্রান্ত ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৫২টি অডিট আপত্তি খুব শীঘ্রই নিষ্পত্তি হয়ে যাবে। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সিটিআর যাচাইপূর্বক ব্রডশিট জবাব প্রেরণ ও ত্রিপক্ষীয় বৈঠক আয়োজনের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সিটিআর যাচাইপূর্বক অডিট আপত্তির ব্রডশিট জবাব যথাযথভাবে প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১৪। | **অনলাইন ডিলিং লাইসেন্স সংক্রান্ত:**<br>সভায় আগস্ট/২০২২ মাসে এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রেরিত অনলাইন ডিলিং লাইসেন্স সংক্রান্ত তথ্য পর্যালোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, আগস্ট/২০২২ মাসে এ বিভাগে আবেদনকৃত অনলাইন ডিলিং লাইসেন্স এর সংখ্যা ২৭টি ও অনুমোদনকৃত অনলাইন ডিলিং লাইসেন্স এর সংখ্যা ২৬টি **(পরিশিষ্ট-ড)**। আগস্ট/২০২২ মাসে চাঁপাইনবাবগঞ্জ ও সিরাজগঞ্জ জেলায় অনলাইনের মাধ্যমে কোন ডিলিং লাইসেন্স অনুমোদন করা হয়নি। সভাপতি সকল জেলায় অনলাইনে ডিলিং লাইসেন্স এর আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তির জন্য সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করেন। | সকল জেলায় অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের আওতায় লাইসেন্সের আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | **গণশুনানি সংক্রান্ত:**<br>সভায় অবহিত করা হয় যে, আগস্ট/২০২২ মাসে সর্বমোট ৬০৮ দিন গণশুনানি গৃহীত হয়েছে, সেবাপ্রত্যাশীর সংখ্যা ৫৬৪৬ জন এবং অভিযোগ/ আবেদন নিষ্পত্তি হয়েছে ৫৫৫৭ জনের **(পরিশিষ্ট-ঢ)**। সভায় যথাযথ পদ্ধতিতে গণশুনানি গ্রহণ ও আবেদন/অভিযোগ নিষ্পত্তি করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভাপতি জেলা প্রশাসকগণের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) আন্তরিকতার সাথে গণশুনানি গ্রহণ ও আবেদন/অভিযোগ নিষ্পত্তি করতে হবে।<br><br>(খ) জনগণের দুর্ভোগ লাঘবে প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১৬। | **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত:**<br>সভায় রাজশাহী বিভাগের সকল জেলার জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য পর্যালোচনা করা হয়। সভাপতি প্রতিটি জেলায় ০-৪৫ দিন বয়সী সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রতি মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় বিষয়টি এজেন্ডাভুক্ত করে আলোচনা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) প্রতিটি জেলায় ০-৪৫ দিন বয়সী সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রতি মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়টি এজেন্ডাভুক্ত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ১৭। | **প্রশাসনিক কর্মকর্তাদের পদায়ন সংক্রান্ত:**<br>সভায় জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত প্রশাসনিক কর্মকর্তাদের পদায়ন ও বদলি বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, কোন কোন জেলায় প্রশাসনিক কর্মকর্তাদের সংশ্লিষ্ট শাখায় পদায়ন না করে অন্য শাখায় পদায়ন করা হয়েছে। সভাপতি প্রশাসনিক কর্মকর্তার পদ সৃজন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন মোতাবেক সংশ্লিষ্ট শাখাভিত্তিক প্রশাসনিক কর্মকর্তাদের দায়িত্ব প্রদানের নির্দেশনা প্রদান করেন। | প্রশাসনিক কর্মকর্তার পদ সৃজন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন মোতাবেক যে সকল শাখায় প্রশাসনিক কর্মকর্তার পদ সৃজন করা হয়েছে সে সকল শাখায় প্রশাসনিক কর্মকর্তাদের পদায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৪.৩০.০০৭.২২.৫৪৪

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ

৭) সচিব, খাদ্য মন্ত্রণালয়

৮) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৯) মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম

১০) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

১১) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

১২) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার (উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়

১৩) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার